গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ বেতার, সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

## বাংলাদেশ বেতারের আগস্ট/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব রবীন্দ্রশ্রী বড়ুয়া, মহাপরিচালক, বাংলাদেশ বেতার। |
| স্থান | : | সভাকক্ষ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ২৮ আগস্ট ২০২৪; সময়: সকাল ১১টা |
| সভায় অংশগ্রহণকারী | : | পরিশিষ্ট-'ক' এবং জুম সভায় অংশগ্রহণকারী বেতারের কেন্দ্র প্রধানগণ |

সভার প্রারম্ভে সভাপতি সভায় অংশগ্রহণকারী সকলকে স্বাগত জানান ও গত ৫ আগস্ট ২০২৪ তারিখে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনে নিহত শহীদদের বিদেহী আত্মার মাগফেরাত কামনায় ১ মিনিট নিরবতা পালন এবং আহত সকলের সুস্থ্যতা কামনা করে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বাংলাদেশ বেতার, সদর দপ্তরের অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) ধারাবাহিকভাবে সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনা করেন।

**২। গত সভার কার্যবিবরণী চূড়ান্তকরণ:**

২.১। সভায় উপস্থিত সদস্যবৃন্দের সর্বসম্মতিক্রমে গত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয়।

**৩। বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন:**

৩.১। সভায় অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, বাংলাদেশ বেতারের ২০২৪-২৫ অর্থবছরের সকল কেন্দ্র/ইউনিটের বার্ষিক ক্রয় পরিকল্পনা গত ২৯ জুলাই ২০২৪ তারিখে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।

৩.২। সিদ্ধান্ত:

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) ক্রয় পরিকল্পনার বাহিরে অতিরিক্ত/অপ্রয়োজনীয় কোন অর্থ ব্যয় করা যাবে না। ২০২৪-২৫ অর্থ-বছরের সকল কেন্দ্র/ইউনিটের বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় কার্যক্রম পরিচালনা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>খ) সিনিয়র প্রকৌশলী (গবেষণা ও গ্রহণ কেন্দ্র)<br>গ) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |

**৪। আনসার নিয়োগ সংক্রান্ত:**

৪.১। বাংলাদেশ বেতারের ২৫টি আঞ্চলিক কেন্দ্র/ইউনিট এর নিরাপত্তার জন্য আনসার নিয়োগ ও বাজেট বরাদ্দের প্রস্তাব তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের প্রশাসনিক অনুমোদনের পর বর্তমানে মন্ত্রণালয়ের বাজেট শাখা হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।

**৪.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের ২৫টি আঞ্চলিক কেন্দ্র/ইউনিট এর নিরাপত্তার জন্য আনসার নিয়োগ ও বাজেট বরাদ্দের প্রস্তাব অনুমোদনের জন্য অর্থ মন্ত্রণালয়ে সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |

চলমান পাতা: ০২

**৫। বাংলাদেশ বেতারের অডিট আপত্তি ও নিষ্পত্তি সংক্রান্ত:**

৫.১। বাংলাদেশ বেতারের অডিট আপত্তি ও নিষ্পত্তির বিষয়ে সভায় জানানো হয়, বাংলাদেশ বেতারের জুলাই ২০২৪ পর্যন্ত ১২০ টি আপত্তি রয়েছে যার জড়িত টাকার পরিমাণ ১৩৭, ০৫, ৯৮,৯০৪/- (একশত সাইত্রিশ কোটি পাঁচ লক্ষ আটানব্বই হাজার নয়শত চার) টাকা মাত্র। এর মধ্যে অগ্রিম আপত্তি ৫৮টি ও সাধারণ আপত্তি ৬২টি। ২০২৩-২৪ অর্থবছরের ৬৩টি সম্পূর্ণ এবং ২২টি আংশিক নিষ্পত্তি; যার জড়িত টাকার পরিমান ১০৩ কোটি ৯২ লক্ষ ৯৪ হাজার ১ শত ২ টাকা মাত্র।

**৫.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| ক) বাংলাদেশ বেতারের অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে দ্রুত দ্বি-পক্ষীয় সভা ও ত্রি-পক্ষীয় সভা আয়োজন করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>খ) সকল কেন্দ্র/ইউনিট প্রধান। |

**৬। আউটসোর্সিং নিয়োগ সংক্রান্ত:**

৬.১। সভায় জানানো হয় যে, বাংলাদেশ বেতারের প্রায় সকল কেন্দ্র/ইউনিটের আউটসোর্সিং এর চাহিদা সদর দপ্তরে প্রেরণ করেছে। কিন্তু অনুষ্ঠান,বার্তা ও প্রকৌশল শাখা আলাদা আলাদা ভাবে প্রেরণ করেছেন যা কাম্য নয়। বাংলাদেশ বেতারের আউটসোর্সিং নিয়োগের জন্য প্রস্তাব তিন শাখার এক সাথে (অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল শাখা) প্রেরণের অনুরোধ করা হয়। গোপালগঞ্জ কেন্দ্রের আউটসোসিং এর মাধ্যমে জনবল নিয়োগ সংক্রান্ত চিঠি গত ২৪/০৭/২০২৪ তারিখে ১৫.৫৩.০০০০.০১৩.১১.০৬২.২৪.২৮৭ নম্বর পত্রের মাধ্যমে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের প্রেরণ করা হয়েছে।

**৬.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের অনুষ্ঠান, বার্তা ও প্রকৌশল শাখার প্রধানগণ একত্রে বসে তিন শাখা প্রধানের স্বাক্ষরে আউটসোর্সিং এর একটি চাহিদাপত্র প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ করবে (সমন্বিত চাহিদা পত্রে কোন বিভাগে কত জন সেবা দিবে তা উল্লেখ থাকবে)।<br>(খ) গোপালগঞ্জ কেন্দ্রের আউটসোসিং এর মাধ্যমে জনবল নিয়োগ প্রস্তাব অনুমোদনের জন্য তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ে সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)সকল কেন্দ্র/ইউনিট প্রধান।<br>খ) পরিচালক (প্রশাসন ও অর্থ) |

**৭। বাংলাদেশ বেতারের প্রশিক্ষণ সংক্রান্ত:**

৭.১। বাংলাদেশ বেতারের যে সকল কেন্দ্র/ইউনিট এখনো প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করেনি তাঁদের দ্রুত প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করে ওয়েবসাইটে আপলোড করা এবং প্রতি মাসে প্রশিক্ষণ প্রতিবেদন সদর দপ্তরের প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়।

**৭.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটকে প্রতি মাসে প্রশিক্ষণ প্রতিবেদন ৫ তারিখের মধ্যে সদর দপ্তরের প্রেরণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট থেকে আইন সংক্রান্ত বিষয়াবলী, নিউমিডিয়া, প্রকল্প প্রণয়ন, আর্থিক বিধি-বিধান এবং অন্যান্য দাপ্তরিক বিষয়াবলী সম্বলিত বার্ষিক প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করে সদর দপ্তরে প্রেরণ ও ওয়েবসাইটে আপলোড করবেন।<br>(গ) প্রশিক্ষণ ক্যালেন্ডারে নারী ও শিশু বিষয়ক প্রশিক্ষণ, Disaster and Relief বিষয়ক এবং ট্রান্সমিটার ব্যবহার বিষয়ে একটি কর্মশালা আয়োজন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল কেন্দ্র/ইউনিট প্রধানগণ।<br>খ) সকল ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>গ) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>ঘ) উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ) |

চলমান পাতা: ০৩

**৮। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):**

**৮.১।** বাংলাদেশ বেতারের বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, মন্ত্রিপরিষদ বিভাগ/মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

**৮.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) মন্ত্রিপরিষদ বিভাগ/মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) সকল দপ্তরের এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা।<br>খ) বেতারের আঞ্চলিক কেন্দ্র/ ইউনিট প্রধানগণ।<br>গ) প্রধান প্রকৌশলী ও সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ।<br>ঘ) উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

**৯। বাংলাদেশ বেতারের চলমান মামলা:**

৯.১। বাংলাদেশ বেতারের মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান, বাংলাদেশ বেতারের চলমান মামলার সংখ্যা ৩১টি। কেইস ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারের মাধ্যমে বাংলাদেশ বেতারের মোট ১৬টি মামলা এন্ট্রি করা হয়েছে যার মধ্যে হাইকোর্ট বিভাগের ১২টি, আপিল বিভাগের ৪টি মামলা রয়েছে।

**৯.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|
| (ক) মামলা সংশ্লিষ্ট সকলকে মামলার আপডেট তথ্য সংগ্রহ এবং মামলা পরিচালনায় সরকারী স্বার্থ অক্ষুণ্ণ রাখতে অধিক যত্নবান হতে বলা হয়। | মামলার ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সদর দপ্তর এবং মামলা সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানগণ। |

**১০। বাংলাদেশ বেতারের বিভিন্ন কেন্দ্র/ইউনিটের অনুষ্ঠান বিচ্যুতি/ত্রুটি সংক্রান্ত:**

১০.১। বাংলাদেশ বেতারের প্রধান প্রকৌশলী জানান যে, বিদ্যমান পরিস্থিতিতে বিভিন্ন কেন্দ্র/ইউনিট হতে প্রেরণ কেন্দ্রের ত্রুটি এবং গ্রাউন্ডিং সিস্টেমের প্রতিবেদন ডি-নথিতে পাওয়া যায়। সমন্বয় করে তা প্রতিবেদন আকারে দ্রুত উপস্থাপন করা হবে।

**১০.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের কেন্দ্র/ইউনিট হতে প্রাপ্ত প্রেরণ কেন্দ্রের ত্রুটি এবং গ্রাউন্ডিং সিস্টেমের প্রতিবেদন সমন্বয় করে তা প্রতিবেদন আকারে দ্রুত উপস্থাপন করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রধান প্রকৌশলী<br>খ) সকল কেন্দ্র/ইউনিটের প্রধান |

**১১। বাংলাদেশ বেতারের জমি রক্ষণাবেক্ষণ সংক্রান্ত:**

১১.১। বাংলাদেশ বেতারের স্থাবর-অস্থাবর জমি বিষয়ক কমিটির সভাপতি জানান যে, গত ০৭ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ বেতারের মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র /ইউনিট এর জমি সংক্রান্ত নির্দেশনা বাস্তবায়নের জন্য গত সদর দপ্তর, ঢাকা গত ০৮/০৮/২০২৪ তারিখে ৮৪৭ নম্বর পত্রের মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু কিছু কেন্দ্র/ইউনিট ছাড়া অন্য কেউ তথ্য প্রেরণ করেনি। প্রেক্ষিতে, বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র /ইউনিট প্রধানকে জমি সংক্রান্ত নিম্নবর্ণিত সিদ্ধান্ত দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

**চলমান পাতা: ০৪**

**১১.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট প্রধানদের নিয়ে জমি সংক্রান্ত সভা করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট এর জমির খতিয়ান, ভূমি অধিগ্রহণের কাগজ লেমিনেটিং করে সংরক্ষণ করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট ল্যান্ড রেজিস্টার চালু করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) বেতারের অব্যবহৃত জমি যথাযথ ব্যবহারকল্পে দ্রুত স্থানীয় সমন্বিত পরিকল্পনা প্রেরণের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) প্রধান প্রকৌশলী<br>খ) পরিচালক (জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল) ও সভাপতি (বাংলাদেশ বেতারের স্থাবর-অস্থাবর জমি বিষয়ক কমিটি)<br>গ) সকল কেন্দ্র/ইউনিটের প্রধান |

**১২। পেন্ডিং বিষয়াদি :**

১২.১। সভায় কোন পেন্ডিং বিষয়াদির তালিকা তালিকা না থাকায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**১২.২। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিট তাদের সকল পেন্ডিং বিষয়াদির তালিকা প্রতিমাসের ১ থেকে ৫ তারিখের মধ্যে সদর দপ্তরে প্রেরণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সদর দপ্তরের প্রশাসন শাখা ও সকল কেন্দ্র/ইউনিট প্রধানগণ। |

**১৩। বিবিধ আলোচনার সিদ্ধান্তসমূহ:**

**১৩.১। সিদ্ধান্ত:**

| সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|
| (ক) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ ইউনিট তাদের বাদ্যযন্ত্রের চাহিদা প্রেরণ করেছেন। প্রাপ্ত বাদ্যযন্ত্রের চাহিদা যাচাই-বাছাইপূর্বক একটি উন্নয়ন প্রকল্প দ্রুত প্রণয়ন হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) পরিচালক (জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল) |
| (খ) বাংলাদেশ বেতার, ঢাকার চত্বরে অবস্থিত ক্যান্টিনটি সুষ্ঠুভাবে পরিচালনার লক্ষ্যে ক্যান্টিন পরিচালনা কমিটি কর্তৃক দরপত্র আহবান করে ইজারা প্রদান করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | খ) অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| (গ) বাংলাদেশ বেতারের ডি-নথির কমিটি গত ২২/০৮/২০২৪ তারিখে ৮৭৮ নম্বর পত্রের মাধ্যমে পুনর্গঠন করা হয়েছে বিধায় ডি-নথি সংক্রান্ত যোগাযোগ ও সকল প্রতিবেদন নতুন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (জনাব মোঃ রুবাইয়াত হোসেন, সহকারী বেতার প্রকৌশলী, সংরক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ বেতার, ঢাকা; মোবাইল: ০১৯২৪২৭৩১৯৩)। | গ) ডি-নথির ফোকাল পয়েন্ট কর্মকর্তা<br>ঘ) ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| (ঘ) বাংলাদেশ বেতারের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কমিটি গত ২১/০৮/২০২৪ তারিখে ৬৫৫ নম্বর পত্রের মাধ্যমে পুনর্গঠন করা হয়েছে বিধায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সংক্রান্ত যোগাযোগ ও সকল প্রতিবেদন নতুন ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয় (জনাব শুভময় চন্দ, সহকারী পরিচালক (অনুষ্ঠান), ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা (সংযুক্তিতে সদর দপ্তরের কর্মরত); মোবাইল: ০১৬৭৮৭১৫৭০৯)। | ঙ) বাংলাদেশ বেতারের সকল কেন্দ্র/ইউনিটের ডি-নথি/ ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট কর্মকর্তা |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করা হয়।

৩/৯/২৪

রবীন্দ্রশ্রী বড়ুয়া
মহাপরিচালক
☎:৪৪৮১৩০৬২
ইমেইল: dg@betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০১৪.০৬.০০৩.১৯. ৩২১

তারিখ: ০৪/০৯/২০২৪

বিতরণ: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. অতিরিক্ত মহাপরিচালক (অনুষ্ঠান/বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২. উপ-মহাপরিচালক (অনুষ্ঠান-১/অনুষ্ঠান-২/বার্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৩. অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সংরক্ষণ ও সরঞ্জাম/কারিগরী কার্য, বাংলাদেশ বেতার, ঢাকা/বাংলাদেশ বেতার, কবিরপুর, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
৫. পরিচালক, অনুষ্ঠান/লিয়াজোঁ/শিক্ষা/সংগীত/কৃষি বিষয়ক কার্যক্রম/ ঢাকা/জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি সেল/কেন্দ্রীয় বার্তা সংস্থা/মনিটরিং পরিদপ্তর/বাণিজ্যিক কার্যক্রম/ট্রান্সক্রিপশন সার্ভিস/বহির্বিশ্ব কার্যক্রম/ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা/চট্টগ্রাম।
৬. আবাসিক প্রকৌশলী, উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা/বাংলাদেশ বেতার, নওয়াপাড়া, যশোর /বাংলাদেশ বেতার, কালুরঘাট, চট্টগ্রাম/বাংলাদেশ বেতার, কাহালু, বগুড়া।
৭. সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সকল কর্মকর্তাকে মেইল মারফত কার্যবিবরণীর কপি প্রেরণের অনুরোধসহ)।
৮. সিনিয়র প্রকৌশলী, সংরক্ষণ শাখা/জাতীয় বেতার ভবন/ ঢাকা/ পরিকল্পনা শাখা, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, "বাংলাদেশ বেতার, সিলেট কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প/"বাংলাদেশ বেতার, চট্টগ্রাম কেন্দ্র আধুনিকায়ন ও ডিজিটাল সম্প্রচার যন্ত্রপাতি স্থাপন" শীর্ষক প্রকল্প।
১০. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১১. আঞ্চলিক পরিচালক, বেতার প্রকাশনা দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
১২. আঞ্চলিক প্রকৌশলী, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/ গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৩. স্টেশন প্রকৌশলী, মনিটরিং পরিদপ্তর/ট্রান্সক্রিপশন সার্ভিস, বাংলাদেশ বেতার, ঢাকা।
১৪. আঞ্চলিক বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/রংপুর/খুলনা/বরিশাল/কক্সবাজার/বান্দরবান/ঠাকুরগাঁও/রাঙ্গামাটি/ কুমিল্লা/গোপালগঞ্জ/ময়মনসিংহ।
১৫. উপ-পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৬. উপ-বার্তা নিয়ন্ত্রক (কমন ও নিরাপত্তা), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৭. সহকারী বার্তা নিয়ন্ত্রক (আইন), বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
১৮. উপ-আঞ্চলিক প্রকৌশলী, কেন্দ্রীয় ভান্ডার, বাংলাদেশ বেতার, পাহাড়তলী, চট্টগ্রাম।
১৯. হিসাব রক্ষক কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন-১/সংস্থাপন-২/কমন/যানবাহন/হিসাব/আইন, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা।
২০. নিরাপত্তা কর্মকর্তা, সদর দপ্তর/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/মহাশক্তি প্রেরণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ধামরাই, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১, বাংলাদেশ বেতার, সাভার, ঢাকা।

২১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

অনুলিপি: সদয় অবগতিকল্পে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টা মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

২. উপসচিব (প্রশাসন-১)/উপসচিব (বেতার-১), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩. মাননীয় সিনিয়র সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় (মাননীয় সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতিকল্পে)।

০৮/০৯/২০২৪

সৈয়দ জাহিদুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (প্রশাসন ও অর্থ)
মহাপরিচালকের পক্ষে।

D:\sahadeb\masik shomonoi sova\MACHIK SOMONNOY SOVA BETAR\কার্যবিবরণী\আগস্ট ২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী - Copy.doc